



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ঝালকাঠি সদর, ঝালকাঠি
www.dss.sadar.jhalakathi.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৪২৪০.০০০.০০০.১৬.০০২৫.২১.৫০

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: এতিমখানা পরিদর্শনে অনিয়ম পরিলক্ষিত হওয়ায় কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের নির্দেশক্রমে অত্র দপ্তরের একটি পরিদর্শন টিম গত ৩১/০৩/২০২৬খ্রি. তারিখ “হিরামননেছা এতিমখানা, নিবন্ধন নং ৪২৭/২০০৬” আকস্মিক পরিদর্শন করেন। পরিদর্শনকালে নিম্নোক্ত অসংগতি ও অনিয়মগুলো পরিলক্ষিত হয়:

১. এতিমখানায় IDSDP এর তথ্য অনুযায়ী ২৮ জন নিবাসীর স্থলে হাজিরা খাতায় মাত্র ১৫ জন ছাত্রের নাম পাওয়া যায় এবং সরেজমিনে উপস্থিত পাওয়া যায় মাত্র ৮ জন ছাত্রকে।
২. পরিদর্শনকালে প্রতীয়মান হয় যে, এতিমখানায় নিবাসীদের জন্য প্রয়োজনীয় আবাসন ব্যবস্থা ও খাবারের সরঞ্জামের তীব্র অপ্রতুলতা রয়েছে, যা নথিতে উল্লিখিত ছাত্র সংখ্যার সাথে কোনোভাবেই সামঞ্জস্যপূর্ণ নয়।

এমতাবস্থায়, এতিমখানায় ছাত্র সংখ্যা ও উপস্থিতির বিষয়ে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০১-০৪-২০২৬
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার

সভাপতি/সাধারণ সম্পাদক, হিরামননেছা এতিমখানা, গ্রাম- বিন্নাপাড়া, ডাকঘর- গাবখান, উপজেলা- ঝালকাঠি সদর, জেলা- ঝালকাঠি।।

স্মারক নম্বর: ৪১.০১.৪২৪০.০০০.০০০.১৬.০০২৫.২১.৫০/১(২)

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঝালকাঠি এবং

২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি।



A handwritten signature in black ink, appearing to be 'আসাদুজ্জামান' (Asaduzzaman).

০১-০৪-২০২৬

মোঃ আসাদুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার